



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

দর্শন বিভাগের 'নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠান-২০১৮' অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের উদ্যোগে ১৩তম ব্যাচের নবীন বরণ ও ৮ম ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান ১২ মার্চ-২০১৮, সোমবার, সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে ছিল- নাচ, গান, কবিতা আবৃত্তি ও নাটিকা পরিবেশন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সিদ্ধার্থ শংকর জোয়ার্দার-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান এবং ভারতের কলকাতার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ড. মধুমিতা চট্টপাধ্যায়।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন 'নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান উদযাপন কমিটি ২০১৮'-এর আহ্বায়ক এবং দর্শন বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ হাফিজুল ইসলাম।

এছাড়াও বিভিন্ন ব্যাচে বিসিএস ক্যাডারে মনোনয়নপ্রাপ্ত দর্শন বিভাগের প্রাক্তন শিক্ষার্থীরা নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন। এসময় নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করা হয় এবং বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়। অনুষ্ঠানে দর্শন বিভাগের আন্তঃব্যাচ শর্ট পিচ ক্রিকেট ট্যুরনামেন্টের পুরস্কার বিতরণ করা হয়। প্রতিযোগিতায় ১৩তম ব্যাচ চ্যাম্পিয়ন এবং ৯ম ব্যাচ রানার্স আপ হয়। এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।